

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), কর্মচারী কল্যান ও যৌথবীমা তহবিল নীতিমালা মোতাবেক ২০২৩ইং বছরের জন্য কল্যাণ তহবিল হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে জরুরী/জটিল চিকিৎসা অনুদান (সিজারিয়ান/স্বাভাবিক প্রসূতি জনিত ব্যয় বাদে), ৩য়-৪র্থ শ্রেণীর (১১তম গ্রেড থেকে ২০তম গ্রেড) কর্মচারীবৃন্দের কন্যা বিবাহ অনুদানের জন্য সাদা কাগজে এবং শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, চিকিৎসা অনুদানের জন্য প্রধান চিকিৎসা কর্মকর্তা ও বিভাগীয় প্রধানের এবং কন্যা বিবাহ অনুদানের জন্য বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম পূরণের সময় নিম্নবর্ণিত বিষয়াবলী অনুসরণ করা আবশ্যিক।

শিক্ষার স্তর	ফলাফলের বিবরণ
১। মাধ্যমিক : (৬ষ্ঠ-১০ম শ্রেণী)	২০২২ইং সালের বার্ষিক পরীক্ষার নম্বরপত্র।
২। উচ্চ-মাধ্যমিক : একাদশ শ্রেণী দ্বাদশ শ্রেণী	এসএসসি পরীক্ষার নম্বরপত্র (২০২২ইং সালে প্রকাশিত)। একাদশ শ্রেণীতে কলেজ কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষার নম্বরপত্র।
৩। স্নাতক (পাশ): ১ম বর্ষ ২য় বর্ষ ৩য় বর্ষ	১ম বর্ষে অধ্যয়নের প্রত্যয়ন সহ এইচএসসি পরীক্ষার নম্বরপত্র। ১ম বর্ষের নম্বরপত্র। ২য় বর্ষের নম্বরপত্র।
৪। বিএসসি ইঞ্জিনিয়ারিং/এমবিবিএস/সমমান/যে কোন বিষয়ে সম্মান: ১ম বর্ষ ২য় বর্ষ ৩য় বর্ষ ৪র্থ বর্ষ ৫ম বর্ষ	১ম বর্ষে অধ্যয়নের প্রত্যয়ন সহ এইচএসসি পরীক্ষার নম্বরপত্র। ১ম বর্ষের নম্বরপত্র। ২য় বর্ষের নম্বরপত্র। ৩য় বর্ষের নম্বরপত্র। ৪র্থ বর্ষের নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
৫। মাস্টার্স : ১ম পর্ব ২য় পর্ব	১ম পর্বে অধ্যয়নের প্রত্যয়ন সহ স্নাতক (পাশ) পরীক্ষার নম্বরপত্র। ২য় পর্বে অধ্যয়নের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

বোর্ড অব ট্রাস্টিজ এর সচিব (কম্পট্রোলার) এর দপ্তর হতে আগামী ০২/১১/২০২৩ইং হতে ২০/১১/২০২৩ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে) চিকিৎসা অনুদান, কন্যা বিবাহ অনুদান ও শিক্ষাবৃত্তির আবেদনপত্র উত্তোলন ও জমা দেওয়া যাবে।

স্বাঃ/-
(মোঃ মনিরুল হক খান)
সচিব, বোর্ড অব ট্রাস্টিজ
ও
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- খুলবি/কম্পঃ দপ্তর/ ৬০৬

তার- ০২/১১/২৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (তঁার অধীনে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে বিষয়টি অবগত করানোর জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ২। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। পিএসটু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়কে অবগত করানোর অনুরোধ সহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পিএসটু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়কে অবগত করানোর অনুরোধ সহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।

সচিব, বোর্ড অব ট্রাস্টিজ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।